# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 02 May, 2025

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)'র গুলিতে রিয়াজ (২০) নামের এক বাংলাদেশি যুবক আহত হয়েছেন।বৃহস্পতিবার রাতে উপজেলার কুসুমপুর বিওপির পিপুলবাড়িয়া সীমান্তে এ ঘটনা ঘটে।আহত রিয়াজ পিপুল বাড়িয়া গ্রামের শফিকুল ইসলামের ছেলে।

রিয়াজের চাচাতো ভাই সুমন দাবী করেন, বৃহস্পতিবার রাতে রিয়াজ তাদের আবাদি জমিতে আটকে থাকা বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য সীমান্তের খালের ধারের মাঠের ধানের জমিতে যায়। সেসময় বিএসএফ'র তাকে লক্ষ্য করে গুলি ছোড়ে।এতে গুলিবিদ্ধ হয় রিয়াদ অজ্ঞান হয়ে যায়।এলাকার লোকজন গুলির শব্দ শুনে মাঠে গিয়ে রিয়াজকে অজ্ঞান অবস্থায় পড়ে থাকতে দেখে উদ্ধার করে।র দিকে খোঁজাখুঁজি করতে যেয়ে দেখেন ভিকটিম অজ্ঞান হয়ে পড়ে আছেন। পরে তার অবস্থা গুরুতর হলে ঢাকায় রেফার্ড করে চিকিৎসক।

এ ব্যাপারে যশোর জেনারেল হাসপাতালের সার্জারি বিভাগের সহকারী রেজিস্ট্রার ইমন হোসেন বলেন, রিয়াজের শরীর থেকে ছররা গুলির কিছু অংশ বের করা হয়েছে।তবে একটি গুলি কিডনির পাশ দিয়ে ঢুকে গেছে।যশোরে প্রয়োজনীয় সুবিধা না থাকায় তাঁকে ঢাকায় পাঠানো হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে মহেশপুর ৫৮ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রফিকুল আলম বলেন, গুলিবিদ্ধ হয়েছে এমন কোন খবর আমাদের কাছে নেই।

বিএসএফ আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:16

URL: https://www.timestodaybd.com/khulna/1766775807